

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৫৩.১৭. ১৫৯৯

তারিখ : ২৫/০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।



সূত্র : পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং-৩৭.০৩.৭৭০০.০০০.১৮.০৪৯.০৩.৭০৫ তারিখ: ০২/০৮/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব শহীদুল ইসলাম পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজে হিসাব রক্ষক পদে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে প্রতিষ্ঠানের অর্পিত দায়িত্ব পালনে অনীহা ও অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ রয়েছে।

- ২। আপনি প্রতিষ্ঠানের দায়িত্ব পালনে অনীহা এবং বিনানুমতিতে অনুপস্থিত থাকার বিষয়ে অধ্যক্ষ কর্তৃক ৫(পাঁচ)টি কারণ দর্শানো এবং দায়িত্ব পালনে অবহেলার জন্য আপনাকে ৫(পাঁচ)টি সতর্কীকরণ পত্র দেয়া হয়।
- ৩। আপনি অধ্যক্ষ এর নির্দেশ মোতাবেক প্রতিষ্ঠানের যাবতীয় হিসাব-নিকাশ ৩০ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে হালনাগাদ করার নির্দেশনা থাকলেও তা করেননি।
- ৪। আপনি গত ২৪ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং প্রতিষ্ঠানের সাথে কোন প্রকার যোগাযোগ করেননি।
- ৫। আপনার অনুপস্থিতির কারণে প্রতিষ্ঠানের প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

আপনার এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর দণ্ড বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরন” (Misconduct) ও “ডিজারশন” (Desertion) এর দায়ে অভিযুক্ত করা হবে না তা এ বিধিমালা ৭(বি) মোতাবেক পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।


(ড. মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


প্রাপক : জনাব শহীদুল ইসলাম
হিসাব রক্ষক
পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ।

বর্তমান ঠিকানা :

নিউ ইঞ্জিনিয়ারিং পাড়া
রংপুর সদর, রংপুর।

স্থায়ী ঠিকানা :

গ্রাম: বান্দাবাড়ী, ডাকঘর: বান্দাবাড়ী
উপজেলা: কোটালী পাড়া, জেলা: গোপালগঞ্জ।

অনুলিপি :

০১। অধ্যক্ষ, পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ।

০২। **অর্থপ্রাপ্ত কর্মকর্তা, অফিসিটি মেন, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সমস্থানা অধিদপ্তরের
ওথের অফিসে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**